# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

**পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র** বিষয় কোড: | ২ | ৭ | ০ |

সময় — ২ ঘন্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান — ৭০

*[দ্রষ্টব্য: ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগসহকারে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। যে কোনো সাতটি প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ▶ A ও B নামক দুটি সম্প্রদায় একই রাষ্ট্রে বসবাস করত। উক্ত সম্প্রদায় দুটির মধ্যে A সম্প্রদায় বিদেশী শক্তির সহায়তায় সকল প্রকার সুযোগ সুবিধা লাভ করতে থাকে কিন্তু B সম্প্রদায়ের প্রতি বিমাতাসুলভ আচরণের ফলে তারা ব্যবসা, শিল্প, কৃষ্টি, শিক্ষাসহ সকল ক্ষেত্রে অনগ্রসর জনপদে পরিণত হয়। এক সময় বিদেশি শক্তি "ভাগ কর শাসন কর" নীতির ভিত্তিতে নিজেদের সুবিধার্থে উপনিবেশটিকে দুটি ভাগে বিভক্ত করে দেয়।

ক. দ্বৈত শাসন বলতে কী বুঝ? ১

খ. 'ভাগ কর শাসন কর' নীতিটি ব্যাখ্যা কর। ২

গ. উদ্দীপকে উপমহাদেশের কোন রাজনৈতিক ঘটনার কথা বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. উক্ত ঘটনার পেছনে যে অন্তর্নিহিত কারণ রয়েছে সেগুলো বর্ণনা কর। ৪

২. ★ আব্দুর রহমান একজন পরহেজগার ব্যক্তি। তিনি দীর্ঘদিন মক্কায় অবস্থান করে দেশে ফিরে আসে। এসে তিনি দেখলেন তার এলাকার লোকজন পীর পূজা, কবর পূজা ইত্যাদি কুসংস্কারে লিপ্ত। তিনি এইসব কর্মকাণ্ডের বিরুদ্ধে প্রচারণা চালান। তিনি মুসলমানদের ধর্মীয় শিক্ষা অর্জনের উপর গুরুত্ব দেন এবং ধর্মের অত্যাবশ্যকীয় কাজগুলো করার পরামর্শ দেন। তার এ কার্যক্রম পরবর্তীতে ধর্মীয় ও রাজনৈতিক আন্দোলনে পরিণত হয়।

ক. বাংলাদেশের পররাষ্ট্রনীতির মূলকথা কী? ১

খ. তমুদ্দিন মজলিস সম্পর্কে লিখ। ২

গ. জনাব আব্দুর রহমানের কার্যক্রমের সাথে তোমার পঠিত কোন ব্যক্তির সাদৃশ্য রয়েছে? তার সম্পর্কে লিখ। ৩

ঘ. "উদ্দীপকে বর্ণিত আন্দোলনটির প্রভাব ও প্রতিক্রিয়া ব্যক্ত কর। ৪

Teachingbd24.com

৩. ▶ মোহনার দেশটির উত্তর ও দক্ষিণ এ দুটি অঞ্চলে বিভক্ত। মোহনা উত্তর অঞ্চলে বসবাস করে কিন্তু দেশ শাসন করে দক্ষিণ অঞ্চলের শাসকেরা। এতে বিমাতাসুলভ আচরণে অতীষ্ঠ হয়ে মোহনার অঞ্চলের একজন বলিষ্ঠ নেতা নিজেদের দাবীকে সংহত করার জন্য মুদ্রা, কর, খাজনা, বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত কিছু সুপারিশ দক্ষিণ অঞ্চলের শাসকদের নিকট পেশ করেন। 'মহান নেতার এ কর্মসূচীই উত্তর অঞ্চলে স্বাধীনতার সনদ বলে গণ্য হয়'।

ক. কত সালে পলাশীর যুদ্ধ হয়? ১

খ. ৩৫ জনকে আসামী করে কোন মামলা হয়? ব্যাখ্যা দাও। ২

গ. উদ্দীপকে মহান নেতা কর্তৃক উথাপিত কর্মসূচির বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়টির গুরুত্ব ও তাৎপর্য বিশ্লেষণ কর। ৪

৪. ✪ মি. 'ক' জাতীয় সংসদ নির্বাচনে জনগণের ভোটে নির্বাচিত হয়ে রাষ্ট্র পরিচালনায় মুখ্য ভূমিকা পালন করেন। তার দলের মনোনীত প্রার্থী হিসেবে মি. 'খ' রাষ্ট্রের অত্যন্ত গুরুত্বপূর্ণ পদে নিয়োজিত আছেন। মি. 'ক" জরুরী অবস্থা মোকাবেলায় অধ্যাদেশ জারী করতে না পারলেও মি. 'খ' তা পারেন।

ক. মৌলিক অধিকার কাকে বলে? ১

খ. রাষ্ট্র পরিচালনার মূল দলিল কোনটি? এটি কীভাবে সংশোধন করা হয়? ২

গ. মি. 'খ' এর কাজের সাথে বাংলাদেশের শাসন বিভাগের কোন ব্যক্তির কাজের সাদৃশ্য রয়েছে? ব্যাখ্যা কর। ৩

ঘ. মি. 'খ' নন 'ক'-ই শাসন ব্যবস্থার মধ্য মণি তুমি কি এর সাথে একমত? উত্তরের স্বপক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶ 'X' পাঁচ বছর বয়সী একটি শিশু। তার চেহারা ও অবয়ব অন্য শিশুদের মতো। তার মধ্যে সীমাবদ্ধ কিছু কাজ বা আচরণের প্রবণতা লক্ষ্য করা যায়। সে অন্যদের তুলনায় একটু বেশি বা কম সংবেদনশীল।

ক. দুর্নীতি কী? ১

খ. বিশেষ চাহিদার জনগোষ্ঠী বলতে কী বুঝায়? ২

গ. 'X' কী ধরণের শিশু? তোমার পাঠ্যবইয়ের আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. প্রয়োজনীয় সহযোগিতা পেলে 'X' এর মতো শিশু একদিন সম্পদে পরিণত হবে-তুমি কি একমত? ৪

৬. ✪ রক্তাক্ত সংগ্রামের পর 'ক' রাষ্ট্র স্বাধীনতা লাভ করে। স্বাধীনতা লাভের এক বছরের মধ্যেই তারা পৃথিবীর একটি অন্যতম সেরা সংবিধান প্রণয়ন করতে সক্ষম হয়। যা গোটা বিশ্বে প্রশংসিত হয়।

https://teachingbd24.com

ক. যুক্তফ্রন্ট এর নেতৃত্বে কে ছিলেন? ১
খ. মৌলিক অধিকার বলতে কী বুঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত সংবিধানের সাথে তোমার পঠিত কোন দেশের সংবিধানের সাদৃশ্য আছে? উক্ত দেশের সংবিধানের বৈশিষ্ট্যগুলো লিখ। ৩
ঘ. উদ্দীপকে বর্ণিত সংবিধান অনুযায়ী "জনগণই সকল ক্ষমতার উৎস"। বিশ্লেষণ কর। ৪

৭. ▶ শফিউল হক সম্প্রতি একটি দেশের সফরে যান। সেখানে গিয়ে তিনি দেখতে পান সেখানকার কয়েকটি প্রতিবেশী দেশ একটি আঞ্চলিক সহযোগিতা সংস্থা তৈরি করে পারস্পরিক স্বার্থে কাজ করে যাচ্ছে।

ক. কমনওয়েলথ কী? ১
খ. বাংলাদেশের বৈদেশিক নীতি বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে বর্ণিত সংস্থার সাথে তোমার পঠিত কোন আঞ্চলিক সহযোগিতা সংস্থার সাদৃশ্য আছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. নিজেদের স্বার্থ সংশ্লিষ্ট বিষয়ে পারস্পরিক সহযোগিতা বৃদ্ধি করাই উক্ত সংস্থার লক্ষ্য-বিশ্লেষণ কর। ৪

৮. ★ পল্লী এলাকার মানুষের জনপ্রিয় নেতা কলিমুল্লাহ নানাবিধ সমস্যায় জর্জরিত কৃষকদের মুক্তির উপায় খোঁজতে থাকেন। জনগণের ভোটে প্রতিনিধি নির্বাচিত হয়ে তিনি সুদখোর মহাজনদের কবল থেকে কৃষকদের মুক্ত করার জন্য একটি আইন প্রণয়ন করেন। তাছাড়া ভূ-স্বামীদের কবল থেকে জমি ফিরে পাওয়ার জন্য তিনি অপর একটি আইন প্রণয়ন করেন এবং একটি সংগঠনও গড়ে তোলেন।

ক. কোরাম কাকে বলে? ১
খ. বিচার বিভাগের স্বাধীনতা কেন প্রয়োজন? ২
গ. উদ্দীপকে স্বাধীনতাপূর্ব বাংলাদেশের যে নেতার অবদান প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর। ৩
ঘ. কৃষকদের ভাগ্য উন্নয়নে উক্ত নেতার অবদান উল্লেখ কর। ৪

৯. ▶ জনগণের প্রত্যক্ষ ভোটে নির্বাচিত চেয়ারম্যান
৯ জন নির্বাচিত সদস্য + ৩জন সংরক্ষিত আসনে নির্বাচিত মহিলা সদস্য।

Teachingbd24.com

ক. HIV এর পূর্ণরূপ লিখ। ১
খ. কীভাবে মৌলিক অধিকার বলবৎ করা যায়? ২
গ. উদ্দীপকে বাংলাদেশের স্থানীয় স্বায়ত্তশাসনের কোন স্তরের প্রতিফলন হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানে জনগণের অংশ গ্রহণ যত বৃদ্ধি পাবে গণতন্ত্রের ভিত ততো শক্তিশালী হবে-তুমি কি একমত? তোমার উত্তরে স্বপক্ষে যুক্তি উপস্থাপন কর। ৪

১০. ★




ক. তিতুমীরের প্রকৃত নাম কী? ১
খ. দ্বিজাতি তত্ত্ব বলতে কী বুঝ? ২
গ. উদ্দীপকে কোন রাজনৈতিক ব্যক্তিত্ব সম্পর্কে বলা হয়েছে? ব্যাখ্যা কর। ৩
ঘ. বাংলাদেশের স্বাধীনতা অর্জনে উক্ত ব্যক্তির অবদান মূল্যায়ন কর। ৪

১১. ▶ জনাব এ এস এম কবির একজন সরকারি আমলা ছিলেন। সম্প্রতি রাষ্ট্রপতি তাকে রাষ্ট্রের একটি সাংবিধানিক পদে নিয়োগদান করেন। তার অন্যতম প্রধান কাজ হচ্ছে জনমতের ভিত্তিতে সবচেয়ে গ্রহণযোগ্য একটি রাজনৈতিক দলকে বাছাই করা যারা দেশের সার্বিক কল্যাণে কাজ করবে।

ক. বাংলাদেশের ১ম রাষ্ট্রপতি কে ছিলেন? ১
খ. এটর্নী জেনারেলের প্রধান কাজগুলো কী কী? ২
গ. উদ্দীপকে তোমার পঠিত কোন সাংবিধানিক সংস্থার কথা বলা হয়েছে? উক্ত সংস্থার উদ্দেশ্য ও গঠন লিখ। ৩
ঘ. গণতন্ত্র প্রতিষ্ঠায় উক্ত প্রতিষ্ঠানটি কী ধরনের ভূমিকা পালন করে? তোমার মতামত দাও। ৪

teachingbd24.com

https://teachingbd24.com

পৌরনীতি ও সুশাসন দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ০ |

সময় — ৩০ মিনিট

## বহুনির্বাচনি অভীক্ষা

পূর্ণমান — ৩০

*[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি (●) বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]*

১. ★ চিরস্থায়ী বন্দোবস্ত হয় কত সালে?
ক) ১৬৯৩ সালে খ) ১৭৬৫ সালে
গ) ১৭৯৩ সালে ঘ) ১৮৫৭ সালে

২. ৩রা জুন পরিকল্পনা কী?
ক) ভারত বিভক্ত করার পরিকল্পনা
খ) ভারত স্বাধীন করার পরিকল্পনা
গ) বাংলা প্রদেশ বিভক্ত করার পরিকল্পনা
ঘ) পাঞ্জাব প্রদেশ বিভক্ত করার পরিকল্পনা

৩. মুজিবনগর সরকার গঠিত হয় কোন তারিখে?
ক) ১০ এপ্রিল, ১৯৭১ খ) ১৭ এপ্রিল, ১৯৭১
গ) ২৫ এপ্রিল, ১৯৭১ ঘ) ২৭ এপ্রিল, ১৯৭১

৪. ★ বাংলাদেশ রাষ্ট্রের সর্বোচ্চ পদমর্যাদার অধিকারী কে?
ক) স্পিকার খ) রাষ্ট্রপতি
গ) প্রধানমন্ত্রী ঘ) প্রধান বিচারপতি

৫. অধ্যাদেশ জারি করেন কে?
ক) স্পিকার খ) রাষ্ট্রপতি
গ) প্রধানমন্ত্রী ঘ) আইনমন্ত্রী

৬. 'সর্বদলীয় রাষ্ট্রভাষা সংগ্রাম পরিষদ' কবে গঠিত হয়?
ক) ১৯৪৮ সালের ৪ জানুয়ারি
খ) ১৯৪৮ সালের ১১ মার্চ
গ) ১৯৫২ সালের ৩১ জানুয়ারি
ঘ) ১৯৫২ সালের ১৬ ফেব্রুয়ারি

৭. কত তারিখে শেখ মুজিবুর রহমান স্বদেশ প্রত্যাবর্তন করেন?
ক) ৪ জানুয়ারি ১৯৭২
খ) ৮ জানুয়ারি ১৯৭২
গ) ১০ জানুয়ারি ১৯৭২
ঘ) ১১ জানুয়ারি ১৯৭২

৮. 'খসড়া সংবিধান প্রণয়ন কমিটি' কত সদস্যবিশিষ্ট ছিল?
ক) ৩০ জন খ) ৩২ জন
গ) ৩৪ জন ঘ) ৩৬ জন

৯. ★ বাংলাদেশের প্রশাসনের স্নায়ুকেন্দ্র কোনটি?
ক) সচিবালয় খ) মন্ত্রণালয়
গ) জাতীয় সংসদ ঘ) শাসন বিভাগ

১০. ১৯৫৮ সালে কে পাকিস্তানে সামরিক শাসন জারি করেন?
ক) প্রেসিডেন্ট ইস্কান্দার মীর্জা
খ) জেনারেল আইয়ুব খান
গ) জেনারেল আজম খান
ঘ) জেনারেল ইয়াহিয়া খান

**নিচের অনুচ্ছেদটি পড় এবং ১১নং প্রশ্নের উত্তর দাও:**

বাংলাদেশের উপর দিয়ে বয়ে যাওয়া সিডরের তান্ডব সৌরভ আজও ভুলতে পারে না। সরকারি বেসরকারি এবং বিদেশি সাহায্যে দীর্ঘ সহায়তা বাংলাদেশ এই ক্ষতির রেশ কাটিয়ে উঠেছিল।

১১. উদ্দীপকে উল্লিখিত প্রাকৃতিক দুর্যোগের সাথে পাকিস্তান আমলের কোন ঘটনাটির সাথে মিল আছে?
ক) ১৯৬৯ এর গণঅভ্যুত্থান
খ) ছাত্রদের ১১ দফা দাবি
গ) ৬ দফা দাবি
ঘ) ১৯৭০ এর ঘূর্ণিঝড়

১২. বাংলাদেশ জাতিসংঘের সদস্যপদ লাভ করে কত সালে?
ক) ১৯৭২ সালে খ) ১৯৭৪ সালে
গ) ১৯৭৫ সালে ঘ) ১৯৮০ সালে

১৩. কার শাসনামলে সংবিধানের সংশোধনী এনে বাংলাদেশ রাষ্ট্রের উদার ও ধর্মনিরপেক্ষ প্রকৃতিকে বিসর্জন দেয়া হয়?
ক) খন্দকার মোশতাক আহমদ এর আমলে
খ) জেনারেল জিয়াউর রহমান এর আমলে
গ) জেনারেল এইচ এম এরশাদ এর আমলে
ঘ) বেগম খালেদা এর আমলে

১৪. ১৯৭০ সালের নির্বাচনে সর্বমোট মহিলা সংরক্ষিত আসন কতটি ছিল?
ক) ১৩টি খ) ৩০টি
গ) ৪৫টি ঘ) ৫০টি

১৫. ★ বাংলাদেশ সংবিধানের ১ম সংশোধনী করা হয় কেন?
ক) যুদ্ধপরাধী, গণহত্যাজনিত ও মানবতাবিরোধী অপরাধের বিচারের জন্য
খ) রাষ্ট্রপতি শাসিত সরকার ব্যবস্থা প্রবর্তনের জন্য
গ) রাষ্ট্রপতির জরুরী অবস্থা ঘোষণার ক্ষমতা অন্তর্ভুক্তির জন্য
ঘ) মূলনীতি পরিবর্তনের জন্য

১৬. নির্বাচনের পর নির্বাচিত সংসদ সদস্যদের প্রথম অধিবেশন থেকে কত দিনের মধ্যে শপথ গ্রহণ করতে হয়?
ক) ৩০ দিন খ) ৬০ দিন
গ) ৯০ দিন ঘ) ১২০ দিন

Teachingbd24.com

১৭. বাংলাদেশ সংবিধানের কত ভাগে রাষ্ট্র পরিচালনার মূলনীতি লিপিবদ্ধ করা হয়েছে?
ⓚ ১ম ভাগে ⓚ ২য় ভাগে
ⓖ ৩য় ভাগে ⓖ ৪র্থ ভাগে

(ক) ১ম ভাগে  (খ) ২য় ভাগে
(গ) ৩য় ভাগে  (ঘ) ৪র্থ ভাগে

১৮. ★ স্বাধীন বাংলাদেশে প্রথম জাতীয় সংসদ নির্বাচন অনুষ্ঠিত হয় কত সালে?
(ক) ১৯৭২ সালে  (খ) ১৯৭৩ সালে
(গ) ১৯৭৪ সালে  (ঘ) ১৯৭৫ সালে

১৯. কর্ম কমিশনের বৈশিষ্ট্য হওয়া উচিত-
i. রাজনীতি ঘেষা
ii. স্বাতন্ত্র্য
iii. নিরপেক্ষ
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

২০. ★ অ্যাটর্নি জেনারেল এর মর্যাদা কীরূপ হবে?
(ক) প্রধান নির্বাচন কমিশনারের মর্যাদার ন্যায়
(খ) প্রধান বিচারপতির ন্যায়
(গ) প্রধানমন্ত্রীর মর্যাদার ন্যায়
(ঘ) সুপ্রিম কোর্টের বিচারপতির মর্যাদার ন্যায়

২১. ৭ই মার্চ দিবসটিকে ঐতিহাসিক ভাষণ দিবস বলা হয়। দ্বিতীয় ঐতিহাসিক ভাষণ দিবসে কোন স্মরণীয় ঘটনা ঘটেছিল?
(ক) সংবিধানের ১ম সংশোধনী
(খ) প্রথম সাধারণ নির্বাচন
(গ) বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন
(ঘ) ইন্দিরা-মুজিব চুক্তি

২২. সার্ক সনদের লক্ষ্য ও উদ্দেশ্য হলো-
i. জন জীবনের মানোন্নয়ন
ii. যৌথ স্বয়ম্ভরতা অর্জন
iii. আস্থা ও সমঝোতা সৃষ্টি
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

২৩. কোন শিক্ষা মানুষকে অসৎ ও অন্যায় কর্মকান্ড থেকে দুরে রাখতে সাহায্য করে-
(ক) সামাজিক শিক্ষা  (খ) রাজনৈতিক শিক্ষা
(গ) নৈতিক শিক্ষা  (ঘ) সাংস্কৃতিক শিক্ষা

২৪. কোন কারণে 'ইইউ' এর অন্তর্ভুক্ত দেশগুলোর মধ্যে ব্যবসা বাণিজ্য সহজ হয়েছে?
(ক) উন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে
(খ) ব্যবসায় ভর্তুকি দেওয়ায়
(গ) একক মুদ্রা ব্যবস্থা চালু করায়
(ঘ) রাজনৈতিক স্থিতিশীলতা

বাংলাদেশে মুক্তিযুদ্ধকালীন সময়ে একটি সংস্থা খুব উপকার করেছিল। এমনকি সাহায্য তহবিলও গঠন করেছিল।

২৫. ★ নিম্নের কোন সংস্থাটি বাংলাদেশকে সাহায্য করেছিল?
(ক) জাতিসংঘ  (খ) সিরডাপ
(গ) কমনওয়েলথ  (ঘ) সার্ক

২৬. বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যকার সমুদ্রসীমা সম্পর্কিত সমস্যার সমাধানে কোন আদালতের শরণাপন্ন হয়?
(ক) বাংলাদেশ আদালতে
(খ) মিয়ানমার আদালতে
(গ) আন্তর্জাতিক আদালতে
(ঘ) সমুদ্রসীমা বিরোধ নিষ্পত্তির আদালতে

নিচের অনুচ্ছেদটি পড় এবং ২৭ ও ২৮নং প্রশ্নের উত্তর দাও:
সামাজিক ব্যাধি হিসেবে এটি এমন একটি ব্যাধি যা কোনভাবেই দূরে সরিয়ে রাখা যায় না। যার ফলে ক্রমান্বয়ে বাড়ছে পেটের পীড়া, আলসার, দৃষ্টিহীনতা এমনকি ক্যান্সারের মত মারাত্মক রোগ।

২৭. উদ্দীপকে সামাজিক ব্যাধি হিসেবে কোনটি নির্দেশ করে?
(ক) দুর্নীতি  (খ) খাদ্যে ভেজাল
(গ) ইভটিজিং  (ঘ) জলবায়ুর পরিবর্তন

২৮. উক্ত অপরাধে অপরাধীর শাস্তি কী?
(ক) ১ বছরের সশ্রম কারাদন্ড
(খ) ২ বছরের সশ্রম কারাদন্ড
(গ) ৩ বছরের সশ্রম কারাদন্ড
(ঘ) সর্বোচ্চ ৫ বছর ও সর্বনিম্ন ৬ মাসের কারাদণ্ড

২৯. জাতিসংঘের সদর দপ্তর কোথায়?
(ক) লন্ডন শহরে  (খ) ওয়াশিংটন শহরে
(গ) নিউইয়র্ক  (ঘ) সানফ্রান্সিসকো শহরে

৩০. ওআইসি'র প্রধান লক্ষ্য হলো—
i. মুসলিম দেশগুলোর স্বার্থ রক্ষা
ii. মুসলিম দেশগুলোর নিরাপত্তা নিশ্চিত করা
iii. ধর্ম প্রচার করা
নিচের কোনটি সঠিক?
(ক) i ও ii  (খ) i ও iii
(গ) ii ও iii  (ঘ) i, ii ও iii

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | গ | ২ | খ | ৩ | ক | ৪ | খ | ৫ | খ | ৬ | গ | ৭ | গ | ৮ | গ | ৯ | ক | ১০ | ক | ১১ | ঘ | ১২ | খ | ১৩ | গ | ১৪ | ক | ১৫ | ক |
| | ১৬ | গ | ১৭ | খ | ১৮ | খ | ১৯ | গ | ২০ | ঘ | ২১ | খ | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | গ | ২৫ | গ | ২৬ | ঘ | ২৭ | খ | ২৮ | ঘ | ২৯ | গ | ৩০ | ক |

Teachingbd24.com